

চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ঢাক্কা- ১০০০।

প্রচার পত্র নং- ৬৯/২০১৪

তারিখঃ ২১/০৯/২০১৪ খ্রি:

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

০৬ আশ্বিন, ১৪২১বাংলা

পণ্য চালান ডেলিভারীর ক্ষেত্রে বন্দরে বিরাজমান সমস্যসমূহ নিরসনে চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশনের সাথে ০৩/০৯/২০১৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় পরিচালক (পরিবহন), চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর প্রয়োজনীয় অংশ সম্মানিত সদস্য/সদস্যাবন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

কাজী মাহমুদ ইমাম (বিলু)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (পরিবহন) এর দপ্তর

পণ্য চালান ডেলিভারীর ক্ষেত্রে বন্দরে বিরাজমান সমস্যসমূহ নিরসনে চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশনের সাথে ০৩/০৯/২০১৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় পরিচালক (পরিবহন), চবক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর প্রয়োজনীয় অংশ সম্মানিত সদস্য/সদস্যাবন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রচার করা হল।

আলোচ্যসূচী-১ঃ- বার্থ অপারেটর কর্তৃক যথাসময়ে ও যথাযথ সংখ্যক শ্রমিক সরবরাহ না করা।

সিদ্ধান্ত :- এপ্রেইজমেন্টের ক্ষেত্রে সিএন্ডএফ এজেন্টের চাহিদা মোতাবেক শ্রমিক সরবরাহ করতে হবে এবং ডেলিভারীর ক্ষেত্রে প্রতি কন্টেইনারের জন্য ১টি গ্যাং সরবরাহ করতে হবে। তবে একই সিএন্ডএফ এজেন্টের ৪টির অধিক কন্টেইনার হলে একাধিক গ্যাং সরবরাহ করতে হবে।

আলোচ্যসূচী-২ঃ- Equipment সরবরাহ ও পরিচালনায় অব্যবস্থাপনা।

সিদ্ধান্ত :- যান্ত্রিক উপকরণ সরবরাহ প্রাপ্তিতে এবং অপারেটরগন কর্তৃক বকশিস দাবী করার কারণে মালামাল ডেলিভারী গ্রহণকালে কোন সমস্যা দেখা দিলে তা সাথে সাথে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

আলোচ্যসূচী-৩ঃ- LCL পণ্য যথানিয়মে শেডে সংরক্ষণ না করার কারণে পণ্য বিনষ্ট/চুরি হওয়া এবং ডেলিভারী গ্রহণকালে সৃষ্ট জটিলতা।

সিদ্ধান্ত :- আনষ্টাফিং এর সময় বার্থ অপারেটরদের যোগ্য প্রতিনিধি এবং ট্রাফিক বিভাগের কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং এলসিএল পণ্য মার্ক ভিত্তিক অবশ্যই শেড অভ্যন্তরে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে কোন রকম কারো অবহেলা পরিলক্ষিত হলে এবং প্রমাণিত হলে দায়ী ব্যক্তিদের বিরঞ্জে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-৪ঃ- সার্টে রেজিস্টারে তথ্য লিপিবদ্ধ করণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত :- সহঃ টার্মিনাল অফিসার এবং এএসআই এর উপস্থিতিতে আনষ্টাফিং এর দিনেই সার্টে কার্য সমাধা করা হবে।

আলোচ্যসূচী-৫ঃ- রং মার্ক, নীল মার্ক প্রসঙ্গে।

সিদ্ধান্ত :- সংশ্লিষ্ট শিপিং এজেন্ট থেকে ডিও গ্রহণের পর রং/নীল মার্ক সহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হবে।

আলোচ্যসূচী-৬ঃ- ইয়ার্ড কন্টেইনার খুঁজে দেয়ার জন্য বার্থ অপারেটরদের লোক না থাকা প্রসঙ্গে।

সিদ্ধান্ত : প্রত্যেক ইয়ার্ডে প্রত্যেক বার্থ অপারেটরগণ কর্তৃক একজন করে যোগ্য প্রতিনিধি কন্টেইনার খুঁজে দেয়ার কাজে নিয়োজিত রাখবেন। বার্থ অপারেটরদের অসহযোগিতার কারণে কন্টেইনার খুঁজে পেতে বিলম্ব ঘটলে জরিমানা আরোপ সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া সংশ্লিষ্ট টিআই/ইয়ার্ড ইনচার্জগণ এসাইনমেন্টের সকল কন্টেইনার ইয়ার্ডে পাওয়া গেছে কিনা সে বিষয়ে কর্মরত টার্মিনাল অফিসার (শিপ এন্ড ইয়ার্ড) কে নিশ্চিত করে প্রতিবেদন প্রেরণ করবেন।

আলোচ্যসূচী-৭ঃ- কন্টেইনারের ইয়ার্ড লোকেশন না থাকা প্রসঙ্গে।

সিদ্ধান্ত : ইয়ার্ড নং-১, ইয়ার্ড নং-২ ও ইয়ার্ড নং-৩-কে একীভূত অর্থাৎ একটি ইউনিট হিসাবে গণ্য করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং আর, এল অনুযায়ী যে কন্টেইনার আসবে তা পাওয়া না গেলে সংশ্লিষ্ট বার্থ অপারেটরের বিরঞ্জে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অতঃপর পরিচালক (ট্রাফিক), চবক মহোদয় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-০৭/০৯/২০১৪ইং।

নং-ডিটি/শিপ/মিটিং/সিএন্ডএফ/৭২২/২০১৩/২৬৯৬